স্টেন্টের দাম আরও কমল

নয়াদিল্লি, ১২ ফেব্রুয়ারি ঃ হৃদ্‌রোগের চিকিৎসায় ব্যবহৃত ড্রাগ ইস্যুটিং স্টেন্টের (ডিইএস) দাম আরও কমাল ন্যাশনাল ফার্মাসিউটিক্যাল প্রাইসিং অথরিটি। সোমবার সংস্থার পক্ষ থেকে এই স্টেন্টের দাম প্রায় ২৩০০ টাকা কমানোর কথা জানানো হয়েছে। একই সঙ্গে বেয়ার মেটাল স্টেন্টের দাম ৭৪০০ টাকা থেকে বাড়িয়ে ৭৬৬০ টাকা করার কথাও জানিয়েছে ওই সংস্থা। এদেশে ৯৫ শতাংশ ডিইএস ব্যবহার হয়, তাই সামগ্রিকভাবে রোগীদের সুবিধা হবে। পাঁচ শতাংশ জিএসটি যোগ করে ডিইএসের নতুন দাম দাঁড়াবে ২৯,২৮৫ টাকা। আর বেয়ার মেটাল স্টেন্টের নতুন দাম হবে ৮,০৪৩ টাকা। নতুন দাম মঙ্গলবার থেকেই কার্যকর হবে এবং তা থাকবে ২০১৯ সালের ৩১ মার্চ পর্যন্ত।

আপনার মতামত

আজকের প্রশ্ন

? কাশ্মীরে সন্ত্রাসবাদী কাজকর্ম বেড়ে যাওয়ার পিছনে কি কেন্দ্রীয় সরকারের বিদেশনীতি দায়ী ?

SMS করুন।

আপনার মোবাইলের মেসেজ option থেকে type করুন UBSOPINION স্পেস দিয়ে লিখুন YES বা NO পাঠিয়ে দিন 575756 নম্বরে বিকেল চারটের মধ্যে।

গতকালের প্রশ্ন

উত্তরবঙ্গে চোরাশিকার মোকাবিলায় বন দপ্তর কি ব্যর্থ?

হ্যাঁ	না
৭৪%	২৬%

দিনের কথা

মিস্টার ভাগবত আপনাকে ধিক্কার, আমাদের শহিদদের এবং আমাদের সেনাবাহিনীকে অসম্মান করার জন্য।

–রাহুল গান্ধি

(মোহন ভাগবতের মন্তব্যের জবাবে)

আবহাওয়া

১২ ফেব্রুয়ারির তাপমাত্রা

	সর্বোচ্চ (ডি.সে.)	সর্বনিম্ন (ডি. সে.)
কলকাতা	৩০.৪	১৬.৬
শিলিগুড়ি	২৪.৫	১১.৬
জলপাইগুড়ি	২৬.৪	১০.৮
কোচবিহার	২৬.৩	১০.২
মালদা	২৮.৪	১৪.৯
রায়গঞ্জ	২৬.৩	১৪.০
আলিপুরদুয়ার	২৬.৭	১০.০
গ্যাংটক	১৬.০	৬.৫

মঙ্গলবারের পূর্বাভাস ঃ পরিষ্কার আকাশ।

কীভাবে গা–ঢাকা দিলেন মা ও ছেলে, উঠল প্রশ্ন

বিক্রম রায় ● কোচবিহার

১২ ফেব্রুয়ারি ঃ কোচবিহারের ভবানীগঞ্জ বাজারে পেভার্স ব্লক কেলেঙ্কারিতে ধরপাকড় শুরু হতেই উধাও হয়েছেন কোচবিহার পুরসভায় ভূষণ সিংয়ের পূর্বসূরি আগের বোর্ডের চেয়ারপার্সন রেবা কুণ্ডু ও তাঁর ছেলে তথা কাউন্সিলার শুভজিৎ কুণ্ডু। তাঁরা কীভাবে পুলিশের অভিযানের খবর পেলেন এবং কীভাবে পুলিশ অভিযানের আগেই বাড়ি ছেড়ে পালাতে সক্ষম হলেন তা নিয়ে জেলাজুড়ে শুরু হয়েছে জল্পনা। অন্যদিন তাঁদের ১১ নম্বর ওয়ার্ডের বাড়ির সামনে যেখানে ভিড় জমে থাকে এদিন সকাল থেকেই গোটা চত্বর শুনসান ছিল। মা ও ছেলে দুজনেরই মোবাইল ফোন বন্ধ থাকায় তাঁদের সঙ্গে যোগাযোগ করাও যাচ্ছে না।

বিষয়টি নিয়ে খোঁজখবর নিতেই দুইরকম তথ্য সামনে এসেছে। একটি সূত্রের মতে, ১৪ ফেব্রুয়ারি হাইকোর্টে এই দুর্নীতির মামলার চূড়ান্ত রিপোর্ট জমা দেওয়ার নির্দেশ রয়েছে। সেই সময়ের মধ্যে তাঁদের গ্রেফতার করা না হলে তার কৈফিয়ত কোর্টে পুলিশকে দিতে হবে। তাই ১৪ তারিখের আগে যে রেবা কুণ্ডু এবং শুভজিৎ কুণ্ডুকে পুলিশ গ্রেফতার করবে সেটা একপ্রকার তাঁদের জানাই ছিল। হাইকোর্টে মামলার রিপোর্ট জমা দেওয়ার প্রায় শেষ সময়ে পুলিশ অভিযান চালায়। জানা গিয়েছে, এই অভিযানের পাঁচদিন আগেই রেবা কুণ্ডু এবং তিনদিন আগে শুভজিৎ কুণ্ডু গা–ঢাকা দেন। অথচ কয়েকদিন আগেও রীতিমতো পুলিশের নাকের ডগায় বুক ফুলিয়ে শুভজিৎবাবুকে ঘুরতে দেখা গিয়েছে। সম্প্রতি তৃণমূল কংগ্রেসের জেলা কার্যালয়ের এক কর্মসূচিতেও মন্ত্রী রবীন্দ্রনাথ ঘোষের পাশে শুভজিৎবাবুকে দেখা গিয়েছিল। কিন্তু পুলিশ কোনো ব্যবস্থা নেয়নি বলে অভিযোগ।

এছাড়াও রবিবার গভীর রাতে পুলিশের অভিযান আসলে লোক দেখানো ছিল বলেও একটি মহল মনে করছে। এই মহলের মতে, শুভজিৎবাবু কোচবিহারেই ছিলেন। পুলিশ অভিযান চালাবে এই খবর আগেই তাঁর কাছে পৌঁছে যাওয়ায় তিনি নিজের বাড়ি ছেড়ে সরে গিয়েছিলেন। এটা জেলা পুলিশের এক শীর্ষ আধিকারিক এবং জেলা তৃণমূলের এক শীর্ষ নেতৃত্বের বোঝাপড়াতেই হয়েছে বলে তাঁদের অভিযোগ। অবশ্য জেলার পুলিশ সুপার ডঃ ভোলানাথ পান্ডে বলেন, রেবা কুণ্ডু এবং শুভজিৎ কুণ্ডুর বাড়িতে পুলিশ অভিযান চালিয়েছিল। তাঁদের খোঁজে তল্লাশি চালানো হচ্ছে। দুজনই গা–ঢাকা দিয়ে রয়েছেন।

কোচবিহার আদালতে তোলা হচ্ছে অভিযুক্তদের। সোমবার জয়দেব দাসের তোলা ছবি।

মার্চে ফের পাহাড়ে মুখ্যমন্ত্রী

শিলিগুড়ি, ১২ ফেব্রুয়ারি ঃ পাহাড়ে শিল্প সম্মেলনে যোগ দিতে তিনদিনের সফরে আগামী ২৫ মার্চ মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায় ফের দার্জিলিং সফরে আসবেন। সম্ভবত পরদিন অর্থাৎ ২৬ মার্চ দার্জিলিংয়ে শিল্প সম্মেলন অনুষ্ঠিত হবে। মুখ্যমন্ত্রী সেই সম্মেলনে উপস্থিত থাকবেন। প্রসঙ্গত, পাহাড়ে শিল্প সম্ভাবনার কথা মাথায় রেখে এখানে দেশের বিভিন্ন প্রান্তের নামি শিল্পপতিদের নিয়ে এসে একটি শিল্প সম্মেলন করার প্রস্তাব জিটিএ চেয়ারম্যান বিনয় তামাং আগেই মুখ্যমন্ত্রীকে দিয়েছিলেন। মার্চে এই শিল্প সম্মেলন করা হবে বলে মুখ্যমন্ত্রী পাহাড়ে জানান। সরকারি সূত্রের খবর, সেইমতো প্রস্তুতিও ইতিমধ্যে শুরু হয়ে গিয়েছে। দার্জিলিংয়ের এই শিল্প সম্মেলনে দেশের নামজাদা শিল্পপতিদের পাশাপাশি স্থানীয় উদ্যোগপতিদেরও আমন্ত্রণ জানানো হবে বলে জানা গিয়েছে।

গতি না কমালে সুপ্রিমকোর্টে যাবে রাজ্য

পূর্ণেন্দু সরকার

জলপাইগুড়ি, ১২ ফেব্রুয়ারি ঃ ডুয়ার্সের জঙ্গলপথে সুপ্রিমকোর্টের নির্দেশমতো ট্রেনের গতিবেগ নিয়ন্ত্রণ না করলে ফের সুপ্রিমকোর্টের দ্বারস্থ হবে বন দপ্তর। চলতি বছর ডুয়ার্সে ট্রেনে কাটা পড়ে হাতির মৃত্যু প্রসঙ্গে রেলকে দায়ী করে এই হুঁশিয়ারি দিয়েছেন বনমন্ত্রী বিনয়কৃষ্ণ বর্মন। অন্যদিকে, ডুয়ার্সের জলদাপাড়া জাতীয় উদ্যানে গন্ডার চোরাশিকারের ঘটনায় এবার পুলিশের সঙ্গে বন দপ্তর ডুয়ার্সের রিসর্ট এবং হোটেলগুলিতেও নজরদারি চালানোর সিদ্ধান্ত নিয়েছে। সোমবার জলপাইগুড়ি সদর ব্লকের কোনপাকড়ি এলাকার বিবেকানন্দ উচ্চবিদ্যালয়ের মাঠে ২৯তম রাজ্য ভাওয়াইয়া সংগীত প্রতিযোগিতার প্রস্তুতি বৈঠকে যোগ দিতে এসে এই খবর দিয়েছেন বনমন্ত্রী বিনয়কৃষ্ণ বর্মন।

বনমন্ত্রী জানান, এর আগেও ডুয়ার্সে ট্রেনে কাটা পড়ে একাধিক হাতির মৃত্যু হয়েছিল। সেই সময় একাধিক রাজ্য মিলে সুপ্রিমকোর্টের দ্বারস্থ হয়। সুপ্রিমকোর্ট নির্দেশ দিয়েছিল, জঙ্গলপথে কোনো ট্রেন বা মালগাড়ি ঘণ্টায় ২০–৪০ কিলোমিটারের বেশি বেগে চলবে না। মাঝে ট্রেনে কাটা পড়ে হাতির মৃত্যু ডুয়ার্সে বন্ধ ছিল। কিন্তু ফের জঙ্গলপথে দ্রুতগতিতে ট্রেন চালানোর কারণেই হাতির মৃত্যু হচ্ছে। তাই আমরা সম্প্রতি রেলকে বলেছি আমরা সবরকম সাহায্য করছি। কিন্তু জঙ্গলপথে ট্রেন যেন নিয়ম মেনেই চালানো হয়।

ট্রেনের ধাক্কায় বন্যপ্রাণীর মৃত্যু

বনমন্ত্রী বলেন, আমরা রেললাইনের দু–পাশে প্রস্তাবমতো ৩০ মিটার করে গাছ কেটে দিয়েছি। পরিবেশবিদরা অনেক বাধা দেওয়ার পরেও গাছ কাটা হয়েছিল যাতে ট্রেনের চালক দূর থেকে দেখতে পান, রেললাইনে যাতে চালকের দৃশ্যমানতার সমস্যা না হয়। কিন্তু এত সাহায্য করার পরেও ট্রেনচালকরা নিয়ম মানছেন না। আমরা রেলকে প্রস্তাব দিয়েছি যে হাতির করিডর আছে এমন জঙ্গলপথে আন্ডারপাস ও রেললাইনের পাশে ঢাল তৈরি করতে। যাতে হাতি বা তাদের শাবকরা রেললাইনে উঠলেও নামার সময় যেন পড়ে না যায়। রেল কী করে দেখছি। তবে আবার ট্রেনে কাটা পড়ে হাতি বা অন্য বন্যপ্রাণীর মৃত্যু হলে রাজ্য বন দপ্তর সুপ্রিমকোর্টে যেতে বাধ্য হবে।

সম্প্রতি জলদাপাড়ায় উত্তর–পূর্ব ভারতের শার্প শুটারদের সাহায্যে স্থানীয়রা গন্ডার মেরে খড়্গ নিয়ে পালাতে গিয়ে ধরা পড়ে যায়। বনমন্ত্রী বলেন, আগে চোরাশিকারিরা বনবস্তিগুলিতে আশ্রয় নিত। এখন সংলগ্ন রিসর্ট ও হোটেলে আশ্রয় নিচ্ছে। গত বছর গরুমারায় গন্ডার চোরাশিকারের পর বন দপ্তর বিষয়টি জানতে পারে। তাই পুলিশের সঙ্গে আলোচনা হয়েছে। রিসর্ট, হোটেল মালিকদেরও বলেছি সন্দেহভাজন কাউকে দেখলেই যেন পুলিশকে খবর দেয়। বনকর্মীরাই জলদাপাড়ার ঘটনার পর থেকে বনাঞ্চল লাগোয়া রিসর্টগুলিতে নজরদারি শুরু করেছেন।

দার্জিলিং মেল সরছে না

প্রথম পাতার পর

দার্জিলিং মেলকে আলিপুরদুয়ারে নিয়ে যাওয়ার দাবিতে রবিবার বিক্ষোভ সভা করেছে জয়েন্ট ফোরাম। এদিন রেলের ঘোষণার পর সংগঠনের নেতারা অবশ্য নতুন করে বিতর্ক বাড়াতে চাইছেন না। ফোরামের যুগ্ম আহ্বায়ক ল্যারি বোস বলেন, ‘ রেল কেন পিছিয়ে এল তা বুঝতে পারছি না। তবে আমরা বিতর্ক বাড়াতে চাই না। যদি দার্জিলিং মেল না দেওয়া হয় তাহলে কোচবিহার মেল বা তার আদলে একটি ট্রেন দেওয়া হোক যেটি আলিপুরদুয়ার থেকে ছেড়ে নিউ কোচবিহার হয়ে চলাচল করবে। সেই ট্রেনকে দার্জিলিং মেলের সমমর্যাদা ও স্বীকৃতি দিয়ে চালানো হোক। সেই দাবিতে আমরা একটি প্রতিনিধিদলকে দিল্লিতে পাঠাব।’

আলিপুরদুয়ার জয়েন্ট ফোরামের দাবিকে সমর্থন করেছেন অশোক ভট্টাচার্যও। তিনি বলেন, ‘আমরাও চাই আলিপুরদুয়ার থেকে একটি সুপারফাস্ট ট্রেন চলুক। সেই দাবিতে আমরা আলিপুরদুয়ারের পাশে আছি। ইতিমধ্যে সেই দাবি আমি রেলের কাছেও জানিয়েছি।’ উত্তরবঙ্গ উন্নয়নমন্ত্রী রবীন্দ্রনাথ ঘোষ বলেন, ‘আমরা কোনো বিতর্ক চাই না। আমি শুধু একটি প্রস্তাব দিয়েছিলাম। রেল তাদের মতো সিদ্ধান্ত নেবে।’ আলিপুরদুয়ারের বিধায়ক সৌরভ চক্রবর্তী বলেন, রেল প্রশাসনিক সিদ্ধান্তহীনতায় ভুগছে। রাজনৈতিক কারণে মানুষের আবেগ নিয়ে খেলছে রেল। তবে আলিপুরদুয়ার থেকে শতাব্দী এক্সপ্রেস বা দার্জিলিং মেলের অনুকরণে এক বা একাধিক ট্রেন চালানো জরুরি।

শিল্পীদের নামে মঞ্চ

জলপাইগুড়ি, ১২ ফেব্রুয়ারি ঃ রাজ্য অনগ্রসর শ্রেণিকল্যাণ দপ্তরের উদ্যোগে জলপাইগুড়ি সদর ব্লকের কোনপাকড়িতে ১৫–১৮ ফেব্রুয়ারি অনুষ্ঠিত হবে চারদিনব্যাপী রাজ্য ভাওয়াইয়া সংগীত প্রতিযোগিতা। ভাওয়াইয়া সম্রাট আব্বাসউদ্দিন, সারেঙ্গা বাদক যোগীন রায়, শিল্পী সুরেন বাসুনিয়া এবং প্যারিমোহন দাসের নামে পরপর চারদিন মঞ্চ করা হচ্ছে বলে প্রতিযোগিতা উদ্‌যাপন কমিটির সদস্য তথা জলপাইগুড়ির সাংসদ বিজয়চন্দ্র বর্মন জানিয়েছেন। প্রতিযোগিতা উদ্‌যাপন কমিটির চেয়ারম্যান তথা বনমন্ত্রী বিনয়কৃষ্ণ বর্মন জানান, প্রতিযোগিতার উদ্‌বোধন করবেন পর্যটনমন্ত্রী গৌতম দেব। থাকবেন আদিবাসী উন্নয়নমন্ত্রী জেমস কুজুর প্রমুখ।

দুর্নীতিতে গ্রেফতার সাত

প্রথম পাতার পর

চাঞ্চল্য ছড়িয়ে পড়েছিল। ঘটনায় কোচবিহারের বাসিন্দা সম্রাট কুণ্ডু ২০১৬ সালে ৪ ডিসেম্বর কোতোয়ালি থানায় অভিযোগ জানান। তবে মামলা নথিভুক্ত করতে দেরি হওয়ায় তিনি জেলা আদালতে ও পরে হাইকোর্টে জনস্বার্থে মামলা করেন। তাতে রেবা কুণ্ডু ও শুভজিৎ কুণ্ডু ছাড়াও পুরসভার তৎকালীন আধিকারিক এম এস মোল্লা এবং হিসাবরক্ষক কনকেন্দ্র দাসের নামে আর্থিক তছরুপের অভিযোগ করা হয়েছিল। ওই মামলার তদন্তে নামলেও রাজনৈতিক চাপে পড়ে পুলিশ কার্যত কোনো উদ্যোগ না নেওয়ায় হাইকোর্ট তীব্র ভৎর্সনা করে ঘটনার তদন্ত একজন ডেপুটি পুলিশ সুপারকে দিয়ে করানোর নির্দেশ দেয়। একই সঙ্গে মামলার চূড়ান্ত রিপোর্ট ১৪ ফেব্রুয়ারির মধ্যে আদালতে জমা করতে পুলিশকে বিচারপতি নির্দেশ দিয়েছিলেন। এখন একপ্রকার বাধ্য হয়েই পুলিশ আর্থিক তছরুপের মামলায় ৭ জনকে গ্রেফতার করেছে বলে মত তথ্যাভিজ্ঞ মহলের।

জেলা পুলিশ সূত্রের খবর, ঘটনার সঙ্গে যুক্ত থাকার প্রমাণ পাওয়ার পর পুরসভার ৩ জন সাব–অ্যাসিস্ট্যান্ট ইঞ্জিনিয়ার রাজীব গুহচৌধুরি, চণ্ডী দেবনাথ এবং বিপ্লব দত্তকে পুলিশ গ্রেফতার করেছে। এছাড়াও পুরসভার করণিক বিপ্লব মণ্ডল, লেবার ইনচার্জ প্রণবেন্দ্র সরকার, অবসরপ্রাপ্ত কোশাগার বিভাগের কর্মী স্বপন সরকার এবং লেবার কন্ট্রাক্টর সুকুমার সরকারকে পুলিশ গ্রেফতার করেছে। তারা প্রত্যেকেই পুলিশের কাছে লিখিতভাবে ওঠা অভিযোগের পরিপ্রেক্ষিতে আগেই বয়ান জমা করেছিলেন। এছাড়াও তৎকালীন কার্যকরী আধিকারিক এম এস মোল্লার শিলিগুড়ির কাছে মাটিগাড়া এলাকার বাড়িতেও অভিযান চালায়। একই সঙ্গে হিসাবরক্ষক কনকেন্দ্র দাস ও আগের বোর্ডের চেয়ারম্যান রেবা কুণ্ডু ও শুভজিৎ কুণ্ডুর বাড়িতেও পুলিশ রাতেই হানা দিয়েছিল।

তবে, এই চারজনকে পুলিশ বাড়িতে পায়নি। মোট ৪টি দল তৈরি করে এক রাতেই ওই অভিযান চালানো হয়েছিল বলে পুলিশ সূত্রের খবর। অবশ্য এ বিষয়ে কোচবিহার পুরসভার চেয়ারম্যান ভূষণ সিং বলেন, ভবানীগঞ্জ বাজারে এক আর্থিক তছরুপের মামলায় নাম উঠে আসায় পুলিশ কয়েকজন কর্মীকে গ্রেফতার করেছে। তবে মূল অভিযুক্ত গ্রেফতার না হওয়া প্রসঙ্গে তিনি বলেন, এটা পুলিশের ব্যর্থতা। তাই পুলিশ মূল অভিযুক্তদের গ্রেফতার করতে পারেনি। উত্তরবঙ্গ উন্নয়নমন্ত্রী রবীন্দ্রনাথ ঘোষ বলেন, এব্যাপারে যা বলার পুলিশই বলবে। অবশ্য অভিযুক্ত পক্ষের আইনজীবী তথা জেলা তৃণমূল কংগ্রেসের সহসভাপতি আব্দুল জলিল আহমেদ বলেন, ওই কর্মীদের মিথ্যা মামলায় ফাঁসানো হয়েছে। এ বিষয়ে জেলার পুলিশ সুপার ডঃ ভোলানাথ পান্ডেকে জিজ্ঞাসা করা হলে তিনি জানান, সাত জনকে গ্রেফতার করা হয়েছে। রেবা কুণ্ডু, শুভজিৎ সহ অন্যদের গ্রেফতার করার জন্য তল্লাশি অভিযান চলছে। কোতোয়ালি থানা সূত্রের খবর, এই মামলায় চার্জশিটও মঙ্গলবার জেলা আদালতে পেশ করা হবে।

ফের সেনা ছাউনিতে জঙ্গি হামলা

প্রথম পাতার পর

সীমান্তে জঙ্গি হামলার নিন্দা করে বিবৃতি দিয়েছেন কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী রাজনাথ সিং। এদিন তিনি নিরাপত্তা বাহিনীর প্রধানদের নিয়ে বৈঠক করেন এবং কাশ্মীর পরিস্থিতি নিয়ে খোঁজখবর নেন। অন্যদিকে, কাশ্মীরের রাজনৈতিক অবস্থা খতিয়ে দেখতে জম্মু সফরে যান প্রতিরক্ষামন্ত্রী নির্মলা সীতারমণ। সাম্প্রতিক অস্থিরতা ও জঙ্গি হামলার জন্য পাকিস্তানকে দায়ী করে তিনি বলেন, ‘কেন্দ্র, রাজ্য এবং ভারতীয় সেনাবাহিনী গোটা পরিস্থিতিই নজরে রাখছে। পাকিস্তানকে বড়ো মূল্য দিতে হবে।’

কাশ্মীরে বারবার জঙ্গি হামলার পালটা হিসেবে ভারত আবারও সার্জিক্যাল স্ট্রাইক করতে পারে ধরে নিয়ে এদিন নয়াদিল্লির উদ্দেশে হুঁশিয়ারি দিয়েছে ইসলামাবাদ। পাক বিদেশমন্ত্রক থেকে এক বিবৃতিতে বলা হয়েছে, কাশ্মীরে ভারতীয় সেনাবাহিনী যে অকথ্য দমনপীড়ন চালিয়ে যাচ্ছে, তা যাতে বন্ধ হয়, তার জন্য আন্তর্জাতিক মহলের চেষ্টা করা উচিত। উপত্যকার যে কোনো গণ আন্দোলনের পিছনেই তারা পাকিস্তানের হাত দেখতে পায়। সেই অজুহাতে তারা যদি সাঞ্জুওয়ান, সোপিয়ানের ঘটনার বদলা নেওয়ার জন্য সেনা তৎপরতা দেখায়, তা হলে ফল ভালো হবে না। ‘সেনা তৎপরতা’ বলতে সার্জিক্যাল স্ট্রাইকের কথাই পাকিস্তান বুঝিয়েছে বলে মনে করা হচ্ছে।

উচ্ছেদের নামে

প্রথম পাতার পর

প্রসঙ্গত, গত শনিবার হকার উচ্ছেদ করতে পথে নামেন শিলিগুড়ির তৃণমূল কংগ্রেস কাউন্সিলাররা। বিধান মার্কেটের ফুটপাথ থেকে জবরদখলকারীদের সরিয়ে দেওয়া হয়। বাজেয়াপ্ত করা হয় বেশকিছু সামগ্রী। সেইসময় বেশ কয়েকটি দোকানের নির্মাণ অবৈধ বলে অভিযোগ তুলে ভেঙে দেন তাঁরা। এতেই ব্যবসায়ীদের মধ্যে ক্ষোভ দানা বাঁধে। শনিবার সন্ধ্যাতেই বিষয়টি নিয়ে একটি জরুরি বৈঠক করে ব্যবসায়ী সমিতি। চেয়ারম্যান নান্টু পালকে ছাড়াই বৈঠক হয়। প্রতিবাদের সিদ্ধান্ত নেন ব্যবসায়ীরা। চেয়ারম্যানকে ছাড়া বৈঠকের বিষয়ে ব্যবসায়ীদের বক্তব্য, চেয়ারম্যান নিজেই উচ্ছেদকারীদের দলে ছিলেন। কিন্তু তিনি বা তাঁর সঙ্গে থাকা কেউই আমাদের আগাম নোটিশ দেননি।

নদীয়া জেলায় উন্নয়নের অগ্রগতি
মমতা বন্দ্যোপাধ্যায়
মাননীয়া মুখ্যমন্ত্রীর উপস্থিতিতে
একগুচ্ছ প্রকল্পের উদ্বোধন, শিলান্যাস এবং পরিষেবা প্রদান
১৩ ফেব্রুয়ারি, ২০১৮ ● স্থান : কৃষ্ণনগর সরকারি কলেজ ময়দান ● সময় : দুপুর ১টা

উদ্বোধন

কৃষ্ণনগর জেলা হাসপাতালে ব্লাড কম্পোনেন্ট সেপারেশন ইউনিট ● তেহট্ট মহকুমা হাসপাতালে ব্লাড ব্যাঙ্ক, ডিজিটাল এক্স-রে মেশিন এবং চক্ষু অপারেশনের জন্য বায়োমেট্রিক মেশিন ● কৃষ্ণগঞ্জ ব্লকে হাসপাতাল ভবন ● হরিণঘাটা ব্লকে মৌলানা আবুল কালাম আজাদ ইউনিভার্সিটি অফ টেকনোলজির নতুন ক্যাম্পাস ● রানাঘাট-১ ব্লকে বীরনগর ৩৩/১১ কে ভি সাব স্টেশন ● বিরোহী-মদনপুর-কল্যাণী এবং শান্তিপুর-কালনাঘাট রাস্তার প্রশস্তিকরণ ও মজবুতিকরণ ● কুলিয়া-কাছরাপাড়া রাস্তার মজবুতিকরণ ● করিমপুর -১ ব্লকের স্বপনপুর মোড় থেকে মাধুগরিগ্রাম পঞ্চায়েত পর্যন্ত রাস্তার উন্নতিকরণ ● জেলার বিভিন্ন ব্লকে মোট ৪টি নতুন রাস্তা ● কল্যাণী ও করিমপুরে ২টি মডেল থানা ● তেহট্ট-২ ব্লকের পলাশী পাড়ায় নতুন থানা ● কালীগঞ্জ থানার অন্তর্গত জুরানপুরে নতুন পুলিশ অনুসন্ধান কেন্দ্র ● জেলার বিভিন্ন ব্লকে মোট ৩৯০টি অঙ্গনওয়াড়ি কেন্দ্র ● কৃষ্ণনগর-১ ব্লকে ২টি, হাঁসখালি ব্লকে ১টি এবং হরিণঘাটা ব্লকে ১টি ভূগর্ভস্থ নলবাহিত পানীয় জলসরবরাহ প্রকল্প ● ৭টি সীমান্ত ব্লকে সৌরশক্তির সাহায্যে আর্সেনিকমুক্ত পানীয় জলের প্রকল্প ● কল্যাণী মহকুমার বুদ্ধপার্কে কর্মতীর্থ ● চাকদহ ব্লকের গয়েশপুর পুরসভার কানপুর মৌজায় স্বনির্ভর গোষ্ঠীদের জন্য প্রশিক্ষণ কেন্দ্র ও মার্কেটিং ইনফ্রাস্ট্রাকচার ● বাজিতপুর থেকে শিবনিবাস সড়কে চূর্ণী নদীর উপরে সেতু ● নবদ্বীপ ব্লকে চতুর্থ তলবিশিষ্ট যুব আবাস ● কৃষ্ণনগর কলেজিয়েট স্কুলে নতুন চতুর্থ তলবিশিষ্ট বিদ্যালয় ভবন ● তেহট্ট, চাপড়া, নাকাশীপাড়া ও কালীগঞ্জ ব্লকে নতুন সরকারি মহাবিদ্যালয়ের বিভিন্ন তল ● কৃষ্ণগঞ্জে প্রাকৃতিক নলেন গুড় প্রক্রিয়াকরণ কেন্দ্র ● জেলার ৩৪টি ঘাটে স্ট্যান্ডার্ড অপারেটিং প্রসেডিওর (এস ও পি) ● হাঁসখালি ব্লকে বগুলার শ্রীকৃষ্ণ কলেজে ফ্যাকাল্টি ভবন ● তেহট্ট-১ ব্লকের জাকির হোসেন হাই মাদ্রাসায় ছাত্রী নিবাস ● কৃষ্ণনগর-১ ব্লকের পানিনালাতে সরকারি আদর্শ ইংরাজি মিডিয়াম মাদ্রাসায় ছাত্রাবাস ● চাকদহ সমষ্টি প্রাণী সম্পদ উন্নয়ন আধিকারিকের কার্যালয় ও ব্লক প্রাণী স্বাস্থ্য কেন্দ্র এবং প্রশিক্ষণ কেন্দ্র ● রানাঘাট-২ ব্লকের হিজুলি শিক্ষায়তনে বন্যাত্রাণ শিবির ● শান্তিপুর ব্লকের চর হরিপুর মৌজায় মেথিরডাঙ্গা বাধের উপর স্লুইস গেট ● নবদ্বীপ ব্লকে মাটিয়ারী কুটির শিল্প প্রতিষ্ঠানে কমন প্রোডাকশন সেন্টার ● করিমপুর ব্লকে রেশম উৎপাদন কেন্দ্রের পলু ঘর ● রানাঘাট-১ ব্লকের বারাসাতে কমন ফেসিলিটি সেন্টার ● করিমপুর-১ ব্লকের বিভিন্ন স্থানে ৮টি উচ্চ বাতিস্তম্ভ ● করিমপুর-২ নং ব্লকে নতিডাঙ্গা ব্লক প্রাথমিক স্বাস্থ্য কেন্দ্রে সোলার লাইট, পানীয় জলের জন্য গভীর নলকূপ ও ২টি উচ্চ বাতিস্তম্ভ স্থাপন ● হাঁসখালি ব্লকের ফতেপুর উচ্চ বিদ্যালয়ের সীমানা প্রাচীর ● শান্তিপুর, চাকদহ এবং চাপড়া ব্লকে মোট ৪টি মিনি ইনডোর স্টেডিয়াম ● কালীগঞ্জ, কৃষ্ণনগর-১ ও ২ এবং রানাঘাট পুরসভা এলাকায় মোট ৫টি রাজস্ব পরিদর্শকের নতুন অফিস গৃহ ● হরিণঘাটা ব্লকে মোহনপুরে প্রাণী ও মৎস্য বিজ্ঞান বিশ্ববিদ্যালয় প্রাঙ্গণে শিক্ষক ও শিক্ষাকর্মীদের আবাসন ● নবদ্বীপ পুরসভায় তন্তুবায় এবং ছোট উদ্যোগীদের জন্য মার্কেট কমপ্লেক্স ● চাকদহ, তেহট্ট-১ এবং নাকাশীপাড়া ব্লকে অগ্নি নির্বাপণ ও জরুরী পরিষেবা কেন্দ্র ● রানাঘাট পুরসভার ১৮ নং ওয়ার্ডে সঞ্জীবনী আরবান প্রাথমিক স্বাস্থ্য কেন্দ্র ● রানাঘাট পুরসভায় সৈকতিক পার্ক ● কৃষ্ণনগর পুরসভার ৩ নং ওয়ার্ডে ডঃ বিধান চন্দ্র রায় শিশু উদ্যান ● রানাঘাট কুপার্স ক্যাম্পে দ্বিতল ভবন ● নাকাশীপাড়া ব্লকে গ্রামশিমলা আদিবাসী পাড়া ছাই ইটভাটা ● নাকাশীপাড়া ব্লকে নদীয়া জেলা রেগুলেটেড মার্কেট কমিটির কিষাণ ভবনের সংস্কার

পূর্ব মেদিনীপুর জেলার এগরা সুপার স্পেশালিটি হাসপাতালে, বাঁকুড়া জেলার ছাতনা সুপার স্পেশালিটি হাসপাতালে ও ওন্দা সুপার স্পেশালিটি হাসপাতালে এবং উত্তর ২৪ পরগণা জেলার সল্টলেক মহকুমা হাসপাতালে মোট ৪টি নতুন ব্লাড ব্যাঙ্ক ● পশ্চিম বর্ধমানের আসানসোল জেলা হাসপাতালে ব্লাড কম্পোনেন্ট সেপারেশন ইউনিট ● কালিম্পং জেলা হাসপাতালে ডিজিটাল এক্স-রে মেশিন ● মালদহ জেলায় চতুর্থ তলবিশিষ্ট শৈশালী শিশু কন্যা আবাস

শিলান্যাস

নবদ্বীপ ব্লকে মায়াপুরে ৩৩/১১ এবং হাঁসখালি ব্লকে বগুলা ১৩২/৩৩ কে ভি সাব স্টেশন ● জেলার বিভিন্ন ব্লকে মোট ১০টি কর্মতীর্থ ● কৃষ্ণনগর পুরসভার অধীনে পানীয় জল সরবরাহের জন্য ভাগীরথী নদীর জল পরিশ্রুতকরণ কেন্দ্র ● মুড়াগাছা-কল্যাণী রাস্তার সংস্কার ● বীরনগর-আড়ংঘাটা রাস্তার প্রশস্তিকরণ ● নবদ্বীপ পুরসভার অধীনে ১টি ও শান্তিপুর ও হরিণঘাটা ব্লকে হ্যান্ডলুম ক্লাস্টারের ১২টি নতুন রাস্তা ● শান্তিপুর ব্লকে শান্তিপুর স্টেডিয়ামে দর্শকাসন ● কল্যাণী নেতাজী সুভাষ মুক্ত বিশ্ববিদ্যালয়ের দ্বিতল অধ্যায়ন ভবন ● নাকাশীপাড়া ব্লকে বেথুয়াডহরী কলেজ, কালীগঞ্জ ব্লকে পলাশী কলেজ এবং চাপড়া ব্লকে বাঙ্গালঝি মহাবিদ্যালয়ের সংযোজিত সিনিয়র মাদ্রাসা ভবন ● কৃষ্ণনগর-২ ব্লকের বেলপুকুর গ্রাম পঞ্চায়েতে ভাগীরথী নদীর বাম তীরে পাড় বাঁধানোর কাজ ● চাকদহ ব্লকে চাকদহ বাসস্ট্যান্ডের সংস্কার ● কল্যাণী নেতাজী সুভাষ মুক্ত বিশ্ববিদ্যালয়ের প্রস্তাবিত ত্রিতল স্টুডেন্ট অ্যামেনিটি সেন্টারের প্রথম তল ● রানাঘাট-১ ও ২, শান্তিপুর এবং চাকদহ ব্লকে মোট ৩৭টি সৌরশক্তি / বিদ্যুৎ পরিচালিত অগভীর নলকূপ ● কল্যাণীতে পশ্চিমবঙ্গ জাতীয় স্বেচ্ছা-সেবক বাহিনীর প্রশিক্ষণ কেন্দ্রে ১ লক্ষ লিটার ক্ষমতা সম্পন্ন উচ্চ জলাধার ● চাপড়া ব্লকে হাটখোলা হাই মাদ্রাসা ও চাকদহ ব্লকের নরপতিপাড়া হাই মাদ্রাসাতে ছাত্রাবাস ● নবদ্বীপে মায়াপুর ঠাকুরভক্তি বিনোদ শিক্ষা প্রতিষ্ঠানে ছাত্রী নিবাস ● হাঁসখালি ও রানাঘাট-২ ব্লকে মোট ২৪টি উচ্চ বাতিস্তম্ভ স্থাপন ● করিমপুর-১ ব্লকে করিমপুর লালন মঞ্চ ● হাঁসখালী ব্লকের বগুলায় অতিরিক্ত ব্লক প্রাণী স্বাস্থ্য কেন্দ্র ● কৃষ্ণনগর-২, নাকাশীপাড়া ও করিমপুর-১ ব্লকে ১০টি সদ্ভাব মন্ডপ ● তেহট্ট-২ এবং নাকাশীপাড়া ব্লকের বিভিন্ন স্থানে যাত্রী প্রতীক্ষালয় ● উচ্চ উৎপাদনের লক্ষ্যে 'ময়না মডেল'-এর অনুকরণে মৎস্য প্রকল্প ● কৃষ্ণনগর, নবদ্বীপ এবং রানাঘাট পুরসভার অধীনে মোট ১৭টি বায়োগ্যাস প্ল্যান্ট ● নবদ্বীপ ও কৃষ্ণনগর-১ ব্লকে ৬টি হ্যান্ডলুম ক্লাস্টারের ২১০২টি তাঁত ঘর ● জেলার বিভিন্ন নদীর ঘাটে ১৫টি স্থায়ী জেটি ● রানাঘাট পুরসভার অধীনে ইকো ফ্রেন্ডলি অ্যামিউজমেন্ট পার্ক ● কৃষ্ণনগর-২ ব্লকে বাহাদুরপুর ট্রাক টার্মিনাস ● জেলার ২১টি ঘাটে স্ট্যান্ডার্ড অপারেটিং প্রসেডিওর (এস ও পি) ● শান্তিপুর পুরসভা এলাকায় ৩টি হ্যান্ডলুম ক্লাস্টারের কমন ফেসিলিটি সেন্টার ● নাকাশীপাড়া কৃষক বাজারে পাইকারী ফল ব্যবসায়ীদের জন্য দোকানঘরসহ মজুতঘর ● চাকদহ ব্লকের কামালপুর মৌজায় বন্যাত্রাণ শিবির ● করিমপুর-১ ব্লকে করিমপুর-২ গ্রাম পঞ্চায়েতে শিশু উদ্যান ● চাকদহ, কৃষ্ণনগর-১ ও নাকাশীপাড়া সমষ্টি উন্নয়ন কার্যালয়ে ত্রাণ সামগ্রী মজুত গুদাম ● রানাঘাট পুরসভা এলাকায় পিকনিক গার্ডেন

পরিষেবা প্রদান

কন্যাশ্রী ● সবুজসাথী ● আনন্দধারা ● গতিধারা ● পাট্টা ● কিষাণ ক্রেডিট কার্ড ● সয়েল হেলথ কার্ড ● পাওয়ার টিলার ● পাম্পসেট ● কৃষি পাট্টা ● বিপর্যয়ে ক্ষতিগ্রস্ত কৃষকদের ত্রাণ ● চরকা ● রান্নার জন্য এল পি জি ● চাষীদের জীবিকার মানোন্নয়োনের জন্য সহায়তা ● সহায় সম্বলহীন মহিলাদের জন্য গৃহ ● কৃষি যান্ত্রিকীকরণে অনুদান ● খাদ্য সুরক্ষা মিশনের আওতায় সহায়তা ● তপশিলি জাতি ও জনজাতিদের উন্নয়নকল্পে সহায়তা ● এস সি পি ● কেঁচোসারের ইউনিট ● ফুল চাষে অনুদান ● হস্তচালিত তাঁত ও সরঞ্জাম ● উদ্বাস্তুদের পুনর্বাসনের জন্য নিঃশর্ত দলিল ● সামাজিক সুরক্ষা যোজনা ● আমার ফসল আমার গোলা ● আমার ফসল আমার গাড়ি ● আমার ধান আমার চাতাল ● রেশম চাষীদের পশুপালনের যন্ত্রপাতি ● মৎস্যজীবীদের জাল, হাঁড়ি এবং মাছ সংরক্ষণ বাক্স ও অন্যান্য সামগ্রীসহ সাইকেল ● লোকপ্রসার প্রকল্প

উপস্থিত থাকবেন

শ্রী সুব্রত মুখার্জী, মাননীয় মন্ত্রী, পশ্চিমবঙ্গ সরকার
শ্রী অবনীমোহন জোয়ারদার, মাননীয় মন্ত্রী, পশ্চিমবঙ্গ সরকার
শ্রী উজ্জ্বল বিশ্বাস, মাননীয় মন্ত্রী, পশ্চিমবঙ্গ সরকার
শ্রী তাপস মণ্ডল, মাননীয় সাংসদ
শ্রীমতী মমতা ঠাকুর, মাননীয়া সাংসদ
শ্রী বাণী কুমার রায়, মাননীয় সভাধিপতি
শ্রী গৌরী শঙ্কর দত্ত, মাননীয় বিধায়ক
শ্রী কল্লোল খান, মাননীয় বিধায়ক
শ্রী পুন্ডরীকাক্ষ সাহা, মাননীয় বিধায়ক
শ্রী তাপস কুমার সাহা, মাননীয় বিধায়ক
জনাব রুকবানুর রহমান, মাননীয় বিধায়ক
শ্রী সত্যজিৎ বিশ্বাস, মাননীয় বিধায়ক
শ্রী সমীর কুমার পোদ্দার, মাননীয় বিধায়ক
শ্রীমতী রত্না ঘোষ (কর), মাননীয়া বিধায়ক
ডঃ রমেন্দ্রনাথ বিশ্বাস, মাননীয় বিধায়ক
শ্রীমতী নীলিমা নাগ (মল্লিক), মাননীয়া বিধায়ক
শ্রীমতী মহুয়া মৈত্র, মাননীয়া বিধায়ক
শ্রী শঙ্কর সিংহ, মাননীয় বিধায়ক
জনাব হাসানুজ্জামান শেখ, মাননীয় বিধায়ক
শ্রী অরিন্দম ভট্টাচার্য, মাননীয় বিধায়ক

...আই সি এ- ৩২১(১৬)/২০১৮...
তথ্য ও সংস্কৃতি বিভাগ । পশ্চিমবঙ্গ সরকার